বিএনপি টিকে থাকলে কেউ দেশ দখল করতে পারবে না- শামসুজ্জামান দুদু

বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু বলেছেন, নিজেকে নির্বাচিত এমপি দাবি করে সে আমার কাছেও হাটছে, আমার পরে যারা এসে দাঁড়াইছে তাদের কাছেও হাটছে। তারা হাটছে কেনো চুরি করার জন্য। মানুষের ক্ষতি, লুটপাট করার জন্য। বিএনপি লুটপাটকারী দল না। বিএনপি চাঁদাবাজি দল না। বিএনপি গণমানুষের দল।

শনিবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার হাজী মোড় এলাকায় উপজেলা বিএনপির নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, তারেক রহমান বলেছে বিএনপির নাম ভাঙ্গিয়ে যারা চাঁদাবাজি, দখলবাজি করে তাদের ধরে পুলিশে তুলে দেন। এরা বিএনপি করে না। বিএনপি জিয়াউর রহমান প্রতিষ্ঠা করেছেন, খালেদা জিয়া এগিয়ে নিয়ে গেছেন। তারেক রহমান গত ১৮ বছর রক্ষা করেছেন। এখন অনেকে নিজেকে বিএনপি দাবি করছে। বাংলাদেশকে রক্ষা করার জন্য কোন রাজনৈতিক দল নিজের জিবন বিপন্ন করে থাকে সে দলের নাম ‘বিএনপি’। বিএনপি যদি দাড়িয়ে থাকে, টিকে থাকে তাহলে বাংলাদেশকে কেউ দখল করতে পারবে না।

শামসুজ্জামান দুদু বলেন, বেগম খালেদা জিয়াকে আল্লাহ রক্ষা করেছে। প্রধানমন্ত্রী দাবিদার (শেখ হাসিনা) আরেক প্রধানমন্ত্রী (খালেদা জিয়া) মরে কেন। এত অশ্লীল নিম্নমানের মানুষ তাকে তাড়ানো ছাড়া পথ ছিল না। এখন আসল জায়গায় পড়েছে। কেউ কেউ বলে তিনি শশুর বাড়ি গেছেন। আওয়ামীলীগের আর কোন ভবিষ্যৎ নেই।

আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সভাপতি শহিদুল কাওনাইন টিলুর সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাবেক আহবায়ক কমিটির সদস্য এ্যাড. ওয়াহেদুজ্জামান বুলা, জেহালা ইউপির চেয়ারম্যান ও উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসিরুল ইসলাম সেলিম।

এছাড়া আরও উপস্থিত ছিলেন জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আশরাফ

বিশ্বাস মিল্টু, কেন্দ্রীয় কৃষকদল নেতা আবু জাফর, এ্যাড. শামিম রেজা ডালিম ও উপজেলা যুবদল, স্বেচ্ছাসেবকদল ও ছাত্রদলের নেতৃবৃন্দ।

ঝিনাইদহে নিখোঁজের ৮ দিন পর লাশ উদ্ধার

নিখোঁজের ৮ দিনপর ঝিনাইদহে রুবেল হোসেন (৩০) নামে এক কৃষকের লাশের সন্ধান পেয়েছে স্বজনরা। গতকাল শনিবার দুপুরে বাঁদপুকুরিয়া গ্রামের একটি পরিত্যাক্ত সেফটি ট্যাংকের মধ্যে লাশের সন্ধ্যান মেলে। রুবেল হোসেন ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না ইউনিয়নের বাঁদপুকুরিয়া গ্রামের মিন্টু মিয়ার ছেলে। রুবেল গত ১১ জানুয়ারী শনিবার থেকে নিখোঁজ ছিলো।

পরিবার ও এলাকাবাসী জানায়, গত শনিবার বিকালে বাড়ী থেকে বের হয় রুবেল। রাতে গ্রামের একটি চায়ের দোকানে আড্ডাদিতে দেখাযায় তাকে। এরপর থেকে সে নিখোঁজ ছিলো। গতকাল শনিবার (১৮ জানুয়ারি) দুপুরে রুবেলের প্রতিবেশীর একটি বাড়ীতে কাঠ মিস্ত্রীরা কাজ করছিলো। হঠাৎ তারা দুর্গন্ধ পায়। এসময় তারা দুর্গন্ধের সন্ধ্যান করতে গিয়ে পরিত্যাক্ত পায়খানার সেফটি ট্যাংকের মধ্যে মাথা নিচেই ও পা উপরে দেওয়া একটি লাশ দেখতে পায়। পরে গ্রামবাসী পুলিশকে খবর দেয়। পুলিশ এসে রুবেলের মরদেহটি উদ্ধার করে।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন লাশ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করেন। লাশটি উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতলের মর্গে পাঠানো হয়েছে বলে জানান। লাশটি ওই গ্রামের মিন্টু মিয়ার ছেলে রুবেলর বলেও জানান, রুবেল গত ১১ জানুয়ারি থেকে নিখোঁজ ছিল।

ঝিনাইদহে দু’পক্ষের সংঘর্ষে আহত ১০

ঝিনাইদহ সদর উপজেলার ফুরসন্দি ইউনিয়নের সোনাতনপুর গ্রামে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দু’পক্ষের সংঘর্ষে অন্তত আহত হয়েছে ১০ জন।

শনিবার সকালে সদর উপজেলার সোনাতনপুর গ্রামে এ ঘটনা ঘটে। সেসময় ভাংচুর করা হয়েছে বেশ কয়েকটি বাড়িঘর।

স্থানীয়রা জানায়, এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে ওই গ্রামের ফুয়াদ বিশ্বাস ও রানা মেম্বরের সমর্থকদের মধ্যে বিরোধ চলে আসছিলো। শনিবার সকালে ফুয়াদ বিশ্বাসের সমর্থক খেজমত আলী ও তার ছেলে নবাবকে গ্রামের মাঠে মারধর করে রাজা বিশ্বাসের লোকজন। এরই জের ধরে উভয় পক্ষের সমর্থকরা সংঘর্ষে জড়িয়ে পরে। এতে অন্তত ১০ জন আহত হয়। ভাংচুর করা হয় বেশ কয়েকটি বাড়িঘর।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তবে এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছে। সংঘর্ষের আশংকায় এলাকাতে পুলিশ মোতায়েন করা হয়েছে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল মামুন বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে আহতদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালসহ স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয়েছে। এলাকায় বর্তমানে উত্তেজনা বিরাজ করছে। আবারো সংঘর্ষের আশংকায় এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী দেখতে আসেন

মেহেদী হাসান

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী দেখতে আসেন ঝিনাইদহে- ৩ আসনের সম্ভব্য সংসদ সদস্য প্রার্থী ও মহেশপুর উপজেলা বিএনপির সভাপতি মোহাম্মদ মেহেদী হাসান (রনি)।

শনিবার বিকেলে পরিদর্শনে আসেন তিনি। এ সময় তিনি স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন ওয়ার্ড ঘুরে দেখেন। খোঁজ খবর নেন চিকিৎসাধীন রোগীদের।

জানা যায়, রোগী দেখতে ও কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করতে আসেন ঝিনাইদহে- ৩ আসনের সংসদ সদস্য প্রার্থী ও মহেশপুর উপজেলা বিএনপির সভাপতি মোহাম্মদ মেহেদী হাসান (রনি)।

এ সময় তাঁর সফর সঙ্গী ছিলেন, জেলা বিএনপির যুগ্ন সাধারন সম্পাদক ফারুক হোসেন (খোকন), মহেশপুর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জিয়াউর রহমান জিয়া, পৌর যুব দলের সদস্য সচিব সেলিম রেজা (মধু ), পৌর ছাত্র দলের আহবায়ক বাধন রাজবীর (নিশু)।

এরপর তিনি কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের সকল ওয়ার্ড পরিদর্শন করেন। খোঁজ খবর নেন চিকিৎসাধীন রোগীদের। মেহেদী হাসান রনি ঝিনাইদহ -৩ আসনের সাবেক সংসদ সদস্য মরহুম শহিদুল ইসলাম মাস্টারের বড় ছেলে। তিনি আগামী জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ – ৩ আসন থেকে সংসদ নির্বাচনে সম্ভব্য সংসদ সদস্য প্রার্থী বলে দলীয় সুত্রে জানা গেছে।

কোটচাঁদপুরে জমি নিয়ে সহিংসতার শিকার শিম ক্ষেত

জমি নিয়ে বিবাদে প্রতিপক্ষরা কেটে সাবাড় করেছেন কৃষকের এক বিঘা ধরন্ত শিমের ক্ষেত। ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুরের সাবদারপুর মকছেদ মোড় সংলগ্ন মাঠে। বিষয়টি নিয়ে স্থানীয় থানায় গতকাল শুক্রবার

অভিযোগ করেছেন ভুক্তভোগী কৃষক।

ভুক্তভোগী কৃষক গোলাম হোসেন বলেন,দীর্ঘ ৪০ বছর ধরে আমি জমিটি ভোগ দখল করে আসছি। এর পরিবর্তে তারাও একটা জমি দখল করে খাচ্ছেন। এখন এই জমির দাম বেড়ে যাওয়ায়, তারা দখল নিতে বিভিন্ন তালবাহানা শুরু করেছেন। গত বৃহস্পতিবার সন্ধ্যা রাতে তারা আমাকে আমার শীমের ক্ষেত থেকে জোর পূর্বক ধরে নিয়ে মকছেদ মোড়ে যায়।

এরপর আমাকে লোহার বড় ও বাঁশের লাঠি দিয়ে বেধড়ক পিঠিয়ে জখম করেন। পরে আমি স্থানীয়দের সহায়তায় উদ্ধার হয়ে হাসপাতালে যায়। তিনি বলেন,প্রতিপক্ষরা আমাকে পিটিয়ে শান্ত থাকেননি। তারা ওই জমি দখল নিতে জমিতে থাকা শীম গাছ কেটে সাবাড় করে দিয়েছেন। আগুন ধরিয়ে দিয়েছেন শীমের মাচায় থাকা বাশ, দড়ি, লতায়। এরপর শুক্রবার রাতের অন্ধকারে ট্র্যাক্টর দিয়ে চাষ করেছেন ওই জমি। বিষয় নিয়ে কোটচাঁদপুর থানায় ৪ জনের নামে অভিযোগ করেছেন বলে জানিয়েছেন ওই কৃষক।

অন্যদিকে নজরুল ইসলাম ও তাজুল ইসলাম জমি ট্র্যাক্টর দিয়ে চাষ করে দেবার কথা স্বীকার করলেও অস্বীকার করেছেন মারপিট করা ও শীম গাছ কেটে দেয়ার বিষয়টি। তারা বলেন, শীম গাছ তারাই কেটে দিয়েছেন। আর পাশের গরু ছাগলে কিছু নস্ট করেছেন। আর আমরা তাদেরকে মারধর করিনি, বরং তারাই আমাদের মারপিট করেছেন।

এ ব্যাপারে কোটচাঁদপুরের সাবদারপুর পুলিশ ফাঁড়ির সহ উপ-পরিদর্শক (এএসআই) কুদ্দুস আলী বলেন, জমি সংক্রান্ত বিষয়ে আমাদের কিছু করার নাই। তবে যে মারামারির ঘটনায় আইনগত যা হয় সেটা করা হবে। আজ বিকেলে ঘটনাটি নিয়ে বসার কথা আছে। দেখা যাক কি দিয়ে কি করা যায়।

তিনি বলেন, প্রাথমিক তদন্তে যা পাওয়া গেল সেটা হচ্ছে, জমি সংক্রান্ত বিষয় নিয়ে তাদের নিজেদের ঝামেলা দীর্ঘদিনের। ঘটনাটি নিয়ে বেশ কয়েক বার বিচার সালিশও হয়েছে।

কোটচাঁদপুরে মেশিন বিস্ফোরণে তদন্ত শুরু করেছেন চার সদস্যের তদন্ত কমিটি

কোটচাঁদপুরে কাঠ বয়লার মেশিন বিস্ফোরণের ঘটনায় তদন্ত শুরু করেছেন,অতিরিক্ত জেলা প্রশাসক জাহিদুল ইসলাম সিদ্দিককে প্রধান করে চার সদস্যের কমিটি। গত বুধবার সকালে ঘটনাস্থল পরিদর্শন করেছেন কমিটির সদস্যরা। জানা যায়,গেল মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৫ টার সময় বিস্ফোরন ঘটে কাঠ বয়লার করা মেশিনটি। এতে ঘটনাস্থলে মারা যান দুই কাঠ শ্রমিক। আহত হন আরো এক শ্রমিক।

ক্ষতিগ্রস্থ্য হন পাশের জাহাঙ্গীর হোসেন মাস্টারের বাড়ির প্রাচীর,ল্যাট্রিন ও হাকিমের ইজিবাইক।

ওই ঘটনায় গঠিত হয়েছে তদন্ত কমিটি। কমিটির প্রধান করা হয়েছে ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক জাহিদুল ইসলাম সিদ্দিক কে। কমিটির অন্য তিন সদস্যের মধ্যে রয়েছে,জেলা পুলিশ সুপারের প্রতিনিধি কোটচাঁদপুর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মুন্না বিশ্বাস,উপমহাপরিদর্শক কলকারখানা অধিদপ্তরের কর্মকর্তা আরিফুজ্জামান ও উপসহকারী পরিচালক ফায়ার সার্ভিস ঝিনাইদহের আব্দুস সালাম। মঙ্গলবার ওই কমিটির সদস্য তদন্তে আসেন কোটচাঁদপুরে। তদন্ত প্রসঙ্গে জানতে চাইলে, কমিটির প্রধান ও ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক জাহিদুল ইসলাম সিদ্দিক বলেন,
,ঘটনাটি তদন্তে চার সদস্যের কমিটি করা হয়েছে। তদন্তে প্রাথমিক ভাবে আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। দেখা গেছে মেশিন মালিকের কোন লাইসেন্স নাই। তিনি শুধুমাত্র ট্রেড লাইসেন্স দিয়ে ব্যবসা করে যাচ্ছিলেন। যে ট্রেড লাইসেন্স আমরা পেয়েছি সেটারও মেযাদ নাই। এ ছাড়া ওই মেশিন বসানোর কোন অনুমতিই নাই মিজানুর রহমানের। তিনি পুরাতন মেশিন বসিয়ে মঙ্গলবারই কাজ শুরু করেছিলেন তিনি।

তিনি আরো বলেন, এ ধরনের মেশিন চালাতে হলে টেকনোলজিষ্ট প্রয়োজন হয়। তা তিনি রাখেননি।তিনি নিজেই মালিক, অপারেটর,ও টেকনোলজিষ্ট। ওই ঘটনার পর থেকে তিনি পালিয়েছেন বলে জানতে পেরেছি। মামলা প্রসঙ্গে তিনি বলেন, প্রথমত ওনার নামে কলকারখানা আইনে মামলা হবে। এরপর ওনান পরিবেশ অধিদপ্তরের কোন ছাড় পত্র নেননি। পরিবেশ

অধিদপ্তরও একটা মামলা করতে পারেন। এ ছাড়া আর কেউ কোন মামলা করবেন কিনা সেটা এখনই বলা সম্ভব হচ্ছে না। তদন্ত শুরু হয়েছে, তদন্ত শেষে আরো বিস্তারিত বলা সম্ভব হবে। মিজানুর রহমান (মিজান) ওই মেশিনের মালিক। তিনি কোটচাঁদপুর পারলাট গ্রামের আব্দুল বারেকের ছেলে।

ঘটনার পর থেকে তিনি আত্ম গোপনে রয়েছে। ১০ বছর হল তিনি আর্দশপাড়ার মিন্টু মিয়ার জায়গা ভাড়া নিয়ে কাঠের গোলা করেন। গেল সপ্তাহে নিয়ে আসেন কাঠ বয়লার মেশিনটি। সব প্রস্তুতি শেষ করে মঙ্গলবার কাজ শুরু করেন মিজানুর রহমান।

ঝিনাইদহে ভ্যাট ও সম্পুরক শুল্ক প্রত্যাহারের দাবিতে মানববন্ধন

বর্ধিত ভ্যাট ও সম্পূরক শুল্ক প্রত্যাহারের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। কেন্দ্রীয় কর্মসুচির অংশ হিসেবে বাংলাদেশ হোটেল রেস্তোঁরা মালিক সমিতি’র আয়োজনে ঝিনাইদহ জেলা শাখা এই মানববন্ধন কর্মসুচি পালন করে।

বৃহস্পতিবার সকাল ১১ টায় ঝিনাইদহ প্রেসক্লাব চত্বরে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশের আয়োজন করা হয়। মানববন্ধনে ঝিনাইদহ জেলার আড়াই’শ হোটেল, রেস্তোঁরা, মিষ্টির দোকান ও ফাস্টফুডের দোকানের মালিক ও কর্মচারীরা অংশ গ্রহণ করেন।

মানববন্ধন শেষে এক প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা রেস্তোরাঁ মালিক সমিতি’র সভাপতি আবিদুর রহমান লালু, সংগঠনের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন, সৈয়দ আলী, এ কে আজাদ, সুব্রত ঘোষ, নাসির উদ্দীন, মেহেদী হাসান ও নিতাই ঘোষ প্রমুখ। বক্তারা ক্ষোভ প্রকাশ করে বলেন, দেশের পরিবর্তিত পরিস্থিতির কারণে মানুষের আয় রোজগার কমে গিয়েছে। ফলে হোটেল রেস্তোঁরাই আগের মতো ব্যবসা নেই। তার উপর নতুন প্রস্তাবিত বর্ধিত ১৫% ভ্যাট ও

১০% সম্পূরক শুল্ক ব্যবসায়ীদের জন্য চাপ সৃষ্টি করবে। ব্যবসায়ীরা হুশিয়ার উচ্চারণ করে বলেন, বর্ধিত ভ্যাট ও সম্পূরক শুল্ক প্রত্যাহার না করলে তারা ব্যবসা বন্ধ করে দিতে বাধ্য হবে।

ঝিনাইদহে সাবেক চেয়ারম্যানের লাশ উত্তোলন

ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ৯নং পোড়াহাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শহিদুল ইসলাম হীরন ও তার গাড়ী চালক আক্তার হোসেনের লাশ কবর থেকে উত্তোলন করা হয়েছে।

বৃহস্পতিবার (১৬ জানুয়ারি) সকালে আদালতের আদেশে হীরনের গ্রামের বাড়ি আড়ুয়াকান্দি ও আক্তারের গ্রামের বাড়ি ভুপতিপুরের পারিবারিক কবরস্থান থেকে তাদের লাশ দাফনের ৫ মাস ১০ দিন পর উত্তোলন করা হয়।

নিহতের স্বজন ও এজাহার সূত্রে জানা যায়, ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের খবর ছড়িয়ে পড়লে বিক্ষুব্ধ জনতা শহিদুল ইসলাম হিরণের শহরের স্টেডিয়াম পাড়ার বাসা ঘেরাও করে। সেসময় তারা তার বাড়িতে আগুন জালিয়ে দেয়। এতে হীরন অগ্নিদগ্ধ হয়ে মারা যায়। এছাড়াও তার গাড়ি চালক আক্তারকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করা হয়। এ ঘটনায় শহিদুল ইসলাম হীরনের ভাতিজা জিয়াউল আলম ও আক্তার হোসেনের ভাই মুক্তার হোসেন বাদী হয়ে গত বছরের ২০ ও ১৭ নভেম্বর আদালতে অজ্ঞাত ২’শ থেকে ৩’শ জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন।

অভিযোগটি আমলে নিয়ে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোছাঃ রুমানা আফরোজ ঝিনাইদহ সদর থানায় এজাহার গ্রহনের জন্য আদেশ দেন। গত ২০ নভেম্বর ঝিনাইদহ সদর থানায় ২ জন নিহতের ঘটনায় একটি মামলা রুজু করা হয়, যার নাম্বার ৩৭। মামলাটি তদন্তের জন্য আদালতের নির্দেশে নির্বাহী ম্যাজিস্ট্রেট বনি আমিন, ডাক্তার, পুলিশ ও সেনাবাহিনীর সদস্যদের উপস্থিতিতে লাশ উত্তোলন করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

হীরনের ভাতিজা মামলার বাদী জিয়াউল আলম বলেন, আদালতে অভিযোগের পরিপ্রেক্ষিতে থানায় মামলা রুজু হয়েছে। আমরা এই হত্যাকান্ডের সাথে জড়িতদের তদন্তপূর্বক শাস্তির দাবি জানাচ্ছি। আক্তার হোসেনের ভাই মামলার বাদী মুক্তার হোসেন বলেন, আমি আমার ভাইয়ের হত্যার বিচার চাই।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল-মামুন জানান, গত বছরের ২০ নভেম্বর ঝিনাইদহ সদর থানায় ২ টি হত্যার ঘটনায় একটি মামলা হয়েছে। মামলাটি তদন্তের জন্য আদালতের নির্দেশে বৃহস্পতিবার সকালে নির্বাহী ম্যাজিস্ট্রেট বনি আমিনের উপস্থিতিতে তাদের লাশ উত্তোলন করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠান হয়েছে।

ঝিনাইদহের মহেশপুরে সড়ক দুর্ঘটনায় নিহত ১

ঝিনাইদহের মহেশপুরে মোটরসাইকেল নিয়ন্ত্রন হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে নাঈম হোসেন (৩৫) নামের এক মোটরসাইকেল চালক নিহত হয়েছে। সেসাথে আহত হয়েছে আরোহী সালিম হোসেন।

বুধবার সকালে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত নাঈম মহেশপুর উপজেলার ভালাইপুর গ্রামের রফিকুল ইসলামের ছেলে ও আহত সালিম একই গ্রামের শফিকুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানায়, বুধবার সকালে ভালাইপুর গ্রাম থেকে মোটরসাইকেল যোগে নাঈম হোসেন চাচাতো ভাই সালিমকে সাথে নিয়ে মহেশপুরে যাচ্ছিলেন। পথিমধ্যে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এলাকায় পৌঁছালে একটি মোটরসাইকেলকে ওভারটেক করতে গিয়ে নিয়ন্ত্রন হারিয়ে রাস্তার পাশের গাছের সাথে ধাক্কা লাগে। এতে নাঈম হোসেন ও সালিম গুরুতর আহত হয়। স্থানীয়রা সেখান থেকে তাদের উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক নাঈম হোসেনকে মৃত ঘোষণা করে।

মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক ফারজানা নাজনীন শাম্মি বলেন, গুরুতর আহত অবস্থায় দুইজনকে হাসপাতালে আনা হয়েছিলো। এদের মধ্যে নাঈম হাসপাতালে আসার কিছুক্ষণের মধ্যেই চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। মাথায় গুরুতর আঘাত পাওয়ার কারণে অতিরিক্ত রক্তক্ষরনে তার মৃত্যু হয়েছে বলে ধারনা করা হচ্ছে। আর আহত সালিমের শারিরীক অবস্থা গুরুতর হওয়ায় উন্নত চিকিৎসার জন্য তাকে যশোর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফয়েজ উদ্দিন জানান, দুর্ঘটনার সংবাদ পাওয়ার সাথে সাথে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছি। সেখান থেকে পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠিয়েছি।

হরিণাকুণ্ডুতে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল পরীক্ষার্থীর

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে ট্রাক্টরের চাকায় পিষ্ট হয়ে প্রাণ গেল নওরিন শোয়েবা নোভা (১৫) নামে এস.এস.সি পরীক্ষার্থীর। সে হরিণাকুন্ডু শিশুকলি মডেল মাধ্যমিক বিদ্যালয় থেকে এবছরের এসএসসি পরীক্ষার্থী।

গতকাল বুধবার (১৫জানুয়ারি) দুপুরে উপজেলার হল বাজার নামক স্থানে এ দুর্র্ঘটনা ঘটে।

নিহত নওরীন শোয়েবা নোভা হরিণাকুণ্ডু সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজের কর্মরত উচ্চমান সহকারী মোঃ নজরুল ইসলাম এবং দিগনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নারগিস আক্তার দম্পত্তির ছোট মেয়ে। প্রত্যক্ষদর্শীরা জানান, বুধবার দুপুরে নওরিন শোয়েবা নোভা হরিণাকুন্ডু হল বাজার থেকে ফেরার পথে ইট বোঝায় ট্র্যাক্টরের চাকায় পিষ্ট হয়ে ঘটনা স্থলেই নিহত হন। পরবর্তীতে হরিণাকুণ্ডু থানা পুলিশ লাশটি উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়।

হরিণাকুণ্ডুু থানার অফিসার ইনচার্জ এমএ রউফ খান জানান, আইনি প্রক্রিয়ায় ব্যবস্থা গ্রহণ করা হবে।